

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৪০

२७/ ि विक्श्या (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৪৩. যে ব্যক্তি ফাল পছন্দ করে এবং অশুভ লক্ষণ অপছন্দ করে

بَابِ مَنْ كَانَ يُعْجِبُهُ الْفَأْلُ وَيَكْرَهُ الطِّيَرَةَ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ أَبِي جَنَابٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " لاَ عَدْوَى وَلاَ طِيَرَةَ وَلاَ هَامَةَ " . فَقَامَ إِلَيْهِ وَلَا شَوْلُ اللَّهِ اللهِ عليه وسلم ـ " لاَ عَدْوَى وَلاَ طِيرَةَ وَلاَ هَامَةَ " . فَقَامَ إِلَيْهِ رَجُلُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ الْبَعِيرُ يَكُونُ بِهِ الْجَرَبُ فَتَجْرَبُ بِهِ الْإِبِلُ . قَالَ " ذَلِكَ الْقَدَرُ فَمَنْ أَجْرَبُ الْأَوَّلَ " .

বাংলা

৫/৩৫৪০। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রোগ সংক্রমণ, কুলক্ষণ ও হামাহ বলে কিছু নেই। এক ব্যক্তি তাঁর সামনে দাঁড়িয়ে বললো, হে আল্লাহর রাসূল! উটের চর্মরোগ হয়, পরে অন্যান্য উট তার সংস্পর্শে এসে চর্মরোগাক্রান্ত হয়। তিনি বলেনঃ এটা হলো তাকদীর। আচ্ছা, প্রথমটি কে চর্মরোগক্রান্ত করেছে?

English

Ibn 'Umar said:

"The Messenger of Allah (ﷺ) said: 'There is no 'Adwa, no omen, and no Hamah.' A man stood up and said: 'O Messenger of Allah, what if a camel has mange and another camel gets mange from it?' He said: 'That is the Divine decree. Who causes the mange in the first one?'"

ফুটনোট

সহীহুল বুখারী ২০৯৯, ৫৭৫৩, ৫৭৭২, মুসলিম ২২২৫, আহমাদ ৪৭৬১, ৬৩৬৯, মুয়ান্তা মালেক ১৮১৭। তাহকীক আলবানীঃ ذَلِكَ الْقَدَرُ অর্থাৎ এটাই তাকদীর ব্যাতিত সহীহ। উক্ত হাদিসের রাবী আবু জানাব সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবুল ফারাজ ইবনুল



জাওয়ী ও আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়, তিনি তাকে দুর্বল বলেছেন। আবু নুআয়ম আল-আসবাহানী বলেন, তিনি তাদলীস করতেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৭১৭, ৩১/২৮৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন